পদ্যে ব্ৰাহ্মধৰ্ম।

এীদ্বিজেন্দ্রনাথ ঠাকুর কর্তৃক

অমুবাদিত।

কলিকাতা

খাদি ব্ৰাহ্মদমাজ যন্ত্ৰে

ব্রীদেবেক্সনাথ ভট্টাচার্য্য ধারা মুক্তিত ও প্রকাশিত।

৫৫নং অপার চিৎপুর রোড।

বৈশাধ ১৩০৫। মূল্য চার আনা।

উৎসর্গ পত্র।

যিনি সর্ব্ধ-মঙ্গলালয় পরমণ্টিত। পরমাত্মার সত্য এবং মঙ্গল ভাবে অনুপ্রাণিত হইয়া প্রুতি স্থৃতি হইটে প্রাক্ষধর্মের অমৃত মন্থন করিয়া আমাদিগকে এ যাবৎকাল তাহা আস্মাদন করাইয়া আনিতেছেন দেই পরমারাধ্য পিতৃ-দেবের ৮৩ বংশরের জ্পোংশব উপলক্ষে তাঁহার পাদপম্মে যান্টাঙ্গে প্রণিপাত করিয়া তাঁহার শুভ-আশীর্বাদ-বিক্সিত এই পদ্যক্ষ্মাঞ্ললি ভক্তিপূর্ণ হৃদয়ে তাঁহাকে সমর্পণ করিলাম।

দেবক জীছিজেন্দ্রনাথ শর্মা।

গাহ্ন্য ব্রহ্মাপাসনা॥

্র্গেহী ব্যক্তি একাকী অথবা পরিবার-বর্গের সহিত মিলিয়া প্রভাহ নিমোক্ত রূপে ব্রন্ধোপাসনা করিবেন।)

मगाशन।

যিনি আমাঁদের প্রাণের প্রাণ ও সকল কল্যাণের আকর, আমরা বাঁহার প্রসাদে শরীর, মন; বাঁহার প্রসাদে বুদ্ধি, বল; বাঁহার প্রসাদে জ্ঞান ও ধর্ম লাভ করিয়াছি,—
যিনি আমাদের শরীর ও মন ও আত্মাকে নানাপ্রকার বিম্ন হইতে সর্বলাই রক্ষা করিতেছেন; তিনি সভ্য-স্বরূপ, জ্ঞান-স্বরূপ, অনস্ত-স্বরূপ, পরব্রহ্ম; তিনি আনন্দর্রণ, অমৃতরূপে প্রকাশ পাইতেছেন; তিনি শাস্ত, মকল, অছিতীর। সর্বান্তঃকরণে প্রীতি ও ছক্তির সহিত স্বীর আত্মাকে সেই অছিতীয় মকল স্বরূপে সমাধান করি।

शान ।

সেই পূর্ণ-মঙ্গল জগৎ-প্রসবিতা পরম দেবতার বরণীর জ্ঞান ও শক্তি ধ্যান করি, বিনি আমাদিগকে বৃদ্ধিত্তি সকল প্রেরণ করিতেছেন।

স্তোতা।

তুমি সংস্বরূপ ও জগতের কারণ এবং জ্ঞানস্বরূপ ও সকলের আপ্রর, তোমাকে নমরার; তুমি মুক্তিদাতা, অভিতীর, নিতা ও সর্কব্যাপী ব্রহ্ম, তোমাকে নমরার। ছুমিই
সকলের আপ্রয়ান, তুমিই কেবল বরণীয়, তুমিই এক
এই জগতের পালক ও স্বপ্রকাশ; তুমিই জগতের স্টেছিতি
প্রলয়কর্তা; তুমিই সকলের প্রেষ্ঠ, নিশ্চল ও বিধাশূয়।
তুমিই সকল ভয়ের ভয় ও ভয়ানকের ভয়ীনক; তুমিই
প্রাণিগণের গতি ও পাবনের পাবন; তুমিই মহোচ্চ পদ
সকলেয় নিয়ন্তা, প্রেষ্ঠ হইতেও প্রেষ্ঠ এবং রক্ষকদিগের
রক্ষক। আমরা তোমাকে স্বরণ করি, আমরা তোমাকে
ভজনা করি, তুমি জগতের সাক্ষী, আমরা তোমাকে নমকার করি। সভাসরূপ, আপ্রম স্বরূপ, অবলম্বর্মিত,
সংসারসাগরের তরনী, অভিতীর ঈশ্বরের শরণাপর হই।

প্রার্থনা।

হে পরমাত্মন্! মোহকত পাপ হইতে মুক্ত করিয়া এবং ছর্মতি হইতে বিরত রাথিয়া, তোমার নিয়মিত ধর্মপালনে আমানিগকে বদুশীল কর এবং শ্রনা ও প্রীতি পূর্মক জহরতামার অপার মহিমা এবং পরম মদল কর্মপ চিন্তনে উৎসাহযুক্ত কর; বাহাতে ক্রমে তোমার সহিত নিদ্য-সহ-বাস-জনিত প্রমানন্দ লাভ করিয়া ক্রতার্থ হইতে পারি।

অসং হইতে আমাকে সংবরণে লইরা বাও, অন্ধকার হইতে আমাকে জ্যোতিঃ স্বরণে লইরা বাও, মৃত্যু হইতে আমাকে অমৃতবরণে লইরা বাও। হে স্প্রকাশ! আমার নিকট প্রকাশিত হও। কলে! তোমার বে প্রসর মুধ, তাহার বারা আমাকে সর্বদা রকা কর।

উপদংহার।

বিনি এক এবং বর্ণহীন; এবং বিনি প্রজাদিগের প্রয়োজন জানিরা বছপ্রকার শক্তি-বোগে বিবিধ কাষ্য বস্তু বিধান করিতেছেন, সমুদায় ব্রহ্মাণ্ড আন্তর্ভমধ্যে বাঁহাতে ব্যাপ্ত হইয়া রহিয়াছে, তিনি দীপ্যমান প্রমেশ্বর, তিনি আমারদিগ্তে শুভ বৃদ্ধি প্রদান করুন।

ওঁ একমেবাদ্বিতীয়ন্।

পদ্যে ব্রাহ্মধর্ম।

প্রথম অধ্যায়।

ত্রন্মবাদীর শুনহ বাণী। ষাঁ হ'তে জনমে এ সব প্রাণী : জনুমি যাঁহাতে জীবন ধরে ; যাঁহে যায়, যাঁতে প্রবেশ করে; তাঁহারে জানিতে কর যতন। তিনি ব্ৰহ্ম সনাতন॥ আনন্দ হ'তে সকলি হ'য়েচে। আনদে ধরি বাঁচিয়া রয়েচে। ধায় সবে আনন্দের প্রতি। আনন্দের ক্রোড়ে লভে গতি॥ রসরূপী তিনি, সে রস পিয়া আনন্দে ভাসে জীবের হিয়া। মনের সহিতে না পেয়ে বাণী. ফিরে যাঁহা হ'তে কান্ত মানি.

शास अध्यक्ष

उटकात (म जानम (य कारन **जरत ना ८म कारता मनिशाम ॥** আনন্দরতে ব্যাপিয়া আকাশ না থাকিলে সেই স্বয়ংপ্রকাশ. বাঁচিয়া, রহিত কে তবে আজ— চলিত বলিত করিত কাজ ? আনন্দায়ত জীবের প্রাণ ज्ञ कानम उँ। हाति मान ॥ নাহি তাঁর রূপ নাহি আধার। বাক্য মনের অতীত পার॥ তাঁরে যবে জীব ধরিয়া রয়. তথন তাহার না থাকে ভয় । মনের সহিত না পেয়ে বাণী. ফিরে যেথা হ'তে কান্ত মানি: ব্ৰেমানন্দ যে জানে সার ভয় নাহি হয় কদাপি তা'র॥ ইনিই জীবের পরম গতি। পর্ম ধন পর্ম রতি।।

ইনিই জীবের পরম লোক ইহাঁরে হেরিলে না থাকে শোক॥ ইহাঁরি আনন্দ নিন্ধু ভুঞ্জে জীব বিন্দু বিন্দু॥

বিতীয় অধ্যায়।

না ছিল এ সব কিছু শুন শিষ্য প্রিয়। ছিলেন কেবল সং এক অদ্বিতীয়॥ মহান্ আত্মা তিনি জনমবিহীন। জরামৃত্যুভয়-ডর—কারোনা অধীন 🛭 চিন্তা করিলেন তিনি; চিন্তনের পিছু, স্জিলেন এই সব দেখিছ যা কিছু॥ তাঁহা হইতেই হ'ল বিশের প্রকাশ। জনমিল প্রাণ মন ইন্দ্রিয় আকাশ অনিল সলিল জ্যোতি: আশ্চরিক্স তিনি! किमिल श्रुविशे अहे वित्यत शांतिशी ॥ ভয়ে তাঁর স্থলে অগ্নি. ভয়ে ভাসু ভার, **চলে মেঘ, চলে বায়ু, ভয়ে মৃত্যু ধারা ॥**

ভূতীর অধ্যার।

পরম তত্ত্বে দেই লভিবারে জান যাইবে গুরুর কাছে শিষ্য মতিমান্॥ थणांख क्षत्र-मन थग्ठ निरंदारत मछा विलादन शक्त, विना (शात (करत, সেই ব্ৰহ্মবিদ্যা যাতে ব্ৰহ্মে যায় জানা, ছাড়িয়া কল্লনা আর জলপনা নানা। श्वकृत्वन राष्ट्रायान वाष्ट्राय तकर्न तथन. मायराह ८७मनि वर्धर्य। শিক্ষা কল্ল দেখা অন্ধ,নিরুক্ত জ্যোতিষ ছন্দ व्याकत्र वृथा कट्त शर्क ॥ व्यथता विमा मकलि. भना विमा जारत विल যাতে হয় নিত্য ধন লাভ। পূৰ্ণ ব্ৰহ্ম অবিনাশী দেখা দে'ন হাদে আদি মুচাইয়া সকল অভাব॥ যাঁ হ'তে হ'রেচে সৃষ্টি, না যায় সেখানে দৃষ্টি কেহ তাঁরে নাহি পায় ধরা। नाहि दर्शाख नाहि वर्ग,नाहि ठक्क नाहि कर्ग, সর্ব্যত্ত আছেন তিনি ভরা 🏻

ছস্ত পদ নাহি ভাঁর, সৃক্ষ বিভূ সারাৎসার
চরাচর বিশ্বের কারণ।
হাস বৃদ্ধি নাই অণু, হেরে লোমাঞ্চিত তুকু
তদগত চিক্ত তপোধন॥
বেদব দেব পূজ্যতম! ইহাঁরেই করে নমো
ত্রাহ্মণেরা গার্গি বারবার।
স্থল সৃক্ষি ছোটো বড়,যাহা কিছু মনে গড়ো
ন'ন ইনি কিছুই তাহার॥

রাঙা কালো তমোছার
চক্ষে যাহা কিছু ভার
ন'ন তাহা নিথিলের প্রভু।
জলের মতন ন'ন,
ন'ন তিনি সমীরণ
আকাশ নহেন তিনি কভু॥

সঙ্গে তাঁর নাহি কেহ, নাহি দেহ নাহি গেহ, চকু মুখ কর্ণ নাহি তাঁর। বাক্য মন তেজ: প্রাণ, তাঁহাতে না পার স্থান বেক্ষ তিনি অপম্য ক্ষপার ৪

हैहाँ ति भामरन गार्शि मृश् एक अइ অপিন মাপন পথে ধায় অহরহ॥ উপরে হ্যালোক আর নিচে বহুদ্ধর! শাদনের মন্ত্রবলে রহিয়াছে ধরা। যুহূর্ত দিবদ রাত্তি মাদ পক্ষ চলে। চলে ঋতু সম্বংসর শাসনের বলে 🏽 তুষার মণ্ডিত শ্বেত প্রবিত হইতে ইহাঁরি শাসনে, গার্গি, নাবিয়া ত্রিভে शृक्तभूरथ वहि हरत भंड नम नमी, অন্যে আর অনুসরে পশ্চিম জলধি॥ ইহাঁরে না জানি যারা যত বীজ বপে. যজে যজ্ঞ, জুহে হোম, তপো আর তপে, বহুবর্ষ ধরি করে মত অনুষ্ঠান, কালের কবলে হয় সব অবসান ।

ইহাঁরে না জানি বারা হেতা হৈতে যায়,
কি ছদশা তাদের কি ক'ব হার হার ॥
অবিনাশী ব্রক্ষে জানি যেই ভাগ্যবান্
হেতা হৈতে পুণ্য লোকে করয়ে প্রয়াণ
সেই ধন্য দেই ধন্য । তিনিই ব্রাক্ষণ !
বলিফু তোমারে গার্গি সত্য এ বচন ॥
স্ক্রম প্রক্রম ব্রক্ষ দৃষ্টির নহেন গম্য
কিন্তু তিনি দেখেন সকলি ।
গন্তীর তিনি নিস্তন্ধ্ব
নাহি তাঁর সাড়া শব্দ,
শুনেন যা কিছু মোরা বলি ॥

তাঁহার স্বরূপ তত্ত্ব
নাহি জানে দের মর্ত্ত্য,
সকলি জানেন জ্ঞাতা দেই।
ৰক্ষ বুনানির মতো
রহিয়াছে ওতোপ্রোতো
স্বামী আকাশ তাঁহাতেই॥

ইহাঁর ভয়ে প্রন বহে।
তপন উঠে ইহাঁর ভয়ে।
ইহাঁর ভয়ে অনল জ্লে।
গপন পথে মেঘ চলে।
আজাকারী যেন ভ্তা
মৃত্যু করে নিজ ক্তা।
সকলের প্রাণ ইনি; যা কিছু যেখাঁর

ইহাঁতে করিয়া ভর স্থ স্ব কাজে ধায় ।
সবাই করিছে তাঁহার কাজ।
মহন্তর তিনি উদ্যত বাজ।
কেবল যে জন তাঁহারে জানে
ভর নাহি কোনো তাঁহার প্রাণে।

মৃত্যুময় সংগারে অসর হ'ন পেয়ে তাঁরে॥

চতুর্থ অধ্যার।

শ্রবণের শ্রবণ, মনের তিনি মন। বচনের বাক্য তিনি জীবের জীবন॥

i

गरनत चलरत मन, मन नाहि भागन বচন আড়ফ সেখা নয়ন না যায় 🛊 कानि ना जागता उँदित : कानि ना मकान কেমনে করিতে হয় তাঁহার বাখান॥ যে যতই জানে তাঁরে, তাহা ন'ন ঠিকু। কেহ যাহা নাহি জানে তাহারো অধিক॥ পূৰ্বতন ঋষিদের এইরূপ বাণী — আমা স্বাকারে যাঁরা কহিলা বাথানি॥ বাক্য যা' কহিতে গিয়া না পারে কহিতে বাক্যেরে জাগা'ন যিনি অন্তর হইতে ॥ তাঁহারেই ক্রন্ম জেনো; ইহা উহা বলি त्नारक याहा **डे**शांनरम, अनीक नकनि ॥ মন যাঁরে কিছুতেই ভাবিয়া না পায়, মনের সমস্ত ভাব যাঁর চক্ষে ভায়, তাঁহাকেই ব্ৰহ্ম জেনো; ইহা উহা বলি त्नाटक याहा **উ**পामस्त्र, **च**मात मक्नि॥ মনে যদি কর তাঁরে জানি সমূচিত অল্লই ভাঁহারে জানো কহিছু নিশ্চিত।

'বনে নাহি করি সামি কদাপি এরপ শ্ৰুচিত জানিয়াছি তাঁহার স্বরূপ 🖁 জানি না তাহাও নয়, জানি তাও নয়। এ তত্ত্বটি জানিলে তবে দে জানা হয়॥ र्य जन चारिया ना शाय चस्र, **छाँहाति दश्जांदन जिनि कीवस्त्र ॥** ভাবিয়া যে তাঁর পেয়েছে পার, তাহার কেবল ভাবনা সার॥ যৈ বুৰে উত্তম রূপে. হাতড়ায় অন্ধকূপে 🛊 বুৰিতে যে নাহি পারে. **हिनियाद्य दगरे छै। दत्र ॥** এ ভব আধারে, জানিল যে তাঁরে লভিল দে নিস্তার। ना जानिल यकि, नाहित्त व्यविध তাহার তুর্দশার॥ कीरव कीरव शीत, मन कति चित्र. তাঁহারে করিয়া খ্যান,

ষর্ত্তা লোক ছাড়ি, মৃত্যু ফেলে ঝাড়ি, শামৃত করিয়া পান

পঞ্চম অধ্যার।

জগত সংসার মাঝে যা কিছু বেথায় সমস্ত র'য়েচে ঢাকা ঈশবের ছায়॥ তিনি ফাঁহা দিয়াছেন কর তাহাভোগ। পরধনে লোভ করি বাড়া'য়ো না রোগ॥

হির তিনি এক জগত স্বামী ।
অথচ মনের অগ্রগামী ॥
ইন্দ্রির মন যে যত ধার,
কেছ না তাঁহারে নাগাল পার ॥
স্কানে থাকি বিরাজমান
ক্রতগামী সবে ছাড়া'রে যা'ন ॥
স্কাল অটল সেই ত্রন্মে করি ভর,
প্রাণীদের প্রাণ বায়ু বছে নিরস্তর ॥
করেন নিখিল কার্য্য ত্রিভুবন নাথ,
স্থাচ না দে'ন ভিনি কোনো কাজে হাত ॥

দূরে তিনি, কাছে তিনি আঁথির গোচরে
অন্তরে বাহিরে তিনি সর্বাচরে ॥
সর্বভূত দেখে যেই পরম আত্মার,
পরমাত্মা সর্বভূতে, কিছু না লুকায় ॥
সমস্ত আছেন ব্যাপি শুল্ল নিরাকার ।
নাহি শিরা নাহি ত্রণ নাহি দেহভার ॥
শুদ্ধ তিনি নিরপ্তন, নাহি পাপ-লেশ ।
মনের নিয়ন্তা, কবি, স্বয়ন্ত্র্ মহেশ ॥
অগণন প্রজাতন্ত নিত্য বহমান—
স্বার করেন তিনি বিহিত বিধান ॥

वर्ष्ठ व्यक्षात्र ।

চিত্ত করি সমাধান একাগ্রতা সহ,
পরমপুরুষ ত্রেক্ষে জানিতে ইচ্ছহ ॥
ত্রেক্ষে যেই জানে সেই নিত্য ধন লভে,
যাহার সদৃশ আর কিছু নাই ভবে ॥
গুহার পরস ব্যোমে সত্য সে জনস্ত।
ক্রান তিনি, ত্রক্ষা তিনি, অনাদি অনস্ত ॥

डीहादा रयकन चारन कविया माथना. ভুঞ্জরে তাঁহার সাথে সমস্ত কামনা। याँशात कारनत नाहे दकारना ठाँहे तीया; कृत्नाक शात्नाक मात्व माहात महिमा; ठाँशारत कानिया बीत, रहरत क्विजीय वानन व्यु कत्र वनिर्वहनीय ॥ বিরজ নিক্ষণ ত্রমা হিরণ্য গুহায় কি যে দে জ্যোতির জ্যোতি অকলছ ভার-যত যেথাকার জ্যোতি সবে হারি মানে। व्याचारत त्य कानितारक त्यहे जाहा कारन। না ভার সেখানে সূর্য্য, না চক্র, না তারা। না ভার চপলা দেখা, চনৎকারাকারা 🛭 কোথায় বা অগ্নি ! তাঁরি প্রকাশের পিছু প্ৰকাশিছে সমস্ত যেখানে যাহা কিছু॥ নিধিল জগৎ আলো তাঁহারি জ্যোতিতে। थकारमम, थान हैनि, मनात महिट्छ। জানে বে, সে রহে সদা ভক্তিভরে ন্রি। কহে না একটি কথা তাঁরে অভিক্রমি॥

আত্মাতে বাঁহার কেলি, আত্মাতেই রতি ; कर्खगु-मांधान विनि नित्रसन्न खडी ; यिनि छानी, यिनि दश्यो, यिनि किशायान्, ত্ৰক্ষজ্ঞ স্বা'র মাৰে তিনিই প্রধান॥ জ্যোতিশার রূপ তাঁর অচিন্তা মহান্। সূক্ষ হ'তে সূক্ষতর, কে পার স্কান # দুর হৈতে দুরে তিনি ছাড়া'য়ে আকাশ। দেখে যে, তাহার তিনি অন্তরে প্রকাশ # চকু নাঁহি যায় দেখা, বাক্য না যোগায়। (कारना हेक्टिया है जारत शाख्या नाहि यात्र व विश्व याशंत्र मन छात्नत अज्ञात. शान धति त्यष्टे छाति दश्दत चळाचातम् ।

সপ্তম অখ্যার।

সকল উপারের পরম মহেশর। দেবতার দেবতা পরম পরাৎপর ।

मकल পতित পতि काबि (मह (मर्द । चात्राया भूवनशिक मत्व जाँदत दम्दव ॥ रेक्टिय जाहात नारे नारि जात (पर। गमान वो अधिक नाहिक छात्र (कृष्ट् ॥ মহতী শক্তি ভার, বিচিত্র বিভব। জ্ঞান-ক্রিয়া বলক্রিয়া অবত্র-স্থলভ ॥ নাহি পিতা নাহি পতি, নাহি তাঁর অধিপতি, नाहि कार्या अवग्रव-िक् । নিখিল ভব-সংসার অদ্ভুত রচনা তাঁর; কারণ কে আর তিনি ভিন্ন 📗 कहिरता नरहन वरण. होला'न है खिय-नरण. निवदमन खनद्य मनाहै। সাধিয়া একাগ্র মনে, তাঁহারে যাহারা জানে. তাহাদের মৃত্যু কভু নাই॥ গভীর গুহায় লীন, দর্শন অক্টিন, वानि-तन, ठाँशदा व ज्या लिक्षा व्यक्षाण्-त्यात्र, बड़ात्र यखना-त्वात्र, हर्य-(भारक छेटन ना महरक्र ।

देश कारन मरमद्र ममः नगरमद्र सहस् व्यवत्तव व्यवन, व्यात्तव व्यान ; कानिशाटक, ८म३ कन, उक्क मनाउन ह षानि-त्वा तम् विष् महान्॥ व्यविमा काहार माहे टकाबा टकारना है। है : अकरे शांताय हारे छारादा रमना খনাদি খবিচলিত, খাকাশের খতীত, निव्रक्षन महान्, चान्ना এक। অহোরাত্রে করি ভর, নিধিল সম্বংসর, नित्रखद्र किरत याँत जरत, তিনি জ্যোতি, ডিনি জ্ঞান, অমৃত, সাকাৎ প্রাণ! **(मर्ग्य विका खेशांग्रह ॥** निश्रित पूर्व जिन, जाहात निग्नभाषीन ; সর্বজন্মতের অধিপতি। मांबू ह'ता वावशंत वाट्य ना किंदूई डांत,

শ্বাপুতে নাহি হয় কভি।

সকলের অধীশ্বর পালিছেন চরাচর; লোকপুঞ্জ যড়েক নিথিলে-সব হ'ত ছিম্ন ভিম, থাকিত না কোন চিহ্ন, তিনি দে না ধরিয়া থাকিলে॥ প্রাণ মন স্ব-সাথে, রয়েছে ইহার হাতে, षस्त्रीक क्रालाक चवनी। ইহাঁরেই জানো সার, ছাড়ো বাক্য আর আর. ইনি মাত্র অমৃতের ধনি॥ जना नारे, प्रकृत नारे, मर्ज्यका ८०७न । কোণা হৈতে কে যেন—এমন কেছ ন'ন॥ সূক্ষা তিনি জ্যোতির্ময়, তাঁহে করি ভর বর্তিছে নিয়ত এই বিশ্বচরাচর॥ তিনি সভ্য; তিনিই অমৃত; শর-সম---বিগাও তাঁহাতে মন, প্রিয়-শিষ্য মম 🛭 ধমু ও ; শর আত্মা — আছে তব ঠাই। लका (महे बक्त ; डाँरत, विद्ध कता हाहै॥

ना (हलि, ना हेलि, मन कतिया अकांश. निवाज-निकम्भ (यन मीरभत मिथा श, সন্ধান করিবে আজা পরম আজায়। তন্ময় হইয়া যাবে তখন সে তাঁয় ? পরিকার পরিচ্ছন সমস্থমি টাই। বালুকা কঙ্কর কিন্তা অগ্নি ষেথা নাই ॥ বিহঙ্গ-কৃজিত রক্ষ, স্থশীতল-চহায় ৷° জলাশর সম্মুখে, ও পার দেখা যায় 🛭 ত্রিসীমার্ম নাহি কোনো নয়নের জ্বালা। স্থবায়ু-দেবিত গুহা নিভূত নিরালা ॥ দেখি' ল'য়ে হেন এক মনোমত স্থান। ত্রক্ষে করিবে সাধক আত্ম-সমাধান॥

ভিমত করি বক্ষ শির,
শরীর করিয়া ঋজু স্থির;
বাহির হইতে আনিয়া ভাকি,
ইন্দ্রিয় মন হুদ্রে রাখি;
বেদ্যা-ভেলায় করিয়া ভর
ভরিবে সাগর ভয়স্কর #

অইম অধ্যার।

দর্বনিকে চক্ষু তাঁর, দর্বত আনন।
দর্ব-দিকে বাহু তাঁর দর্বত চরণ॥
পক্ষি-দেহে দিলা পক্ষ, নর-দেহে হস্ত।
রচিলা ত্যুলোক মহী একাকী দমস্ত॥
দর্বত চরণ হস্ত, নিখিল কাজে ব্যস্ত,

সর্বতি শিরোমুখ, সর্বতি কাণ। চরাচর সমুদায়, আবরি মহিমায়,

व्यापित व्यापनां वित्राक्तमान ।

निश्चिल मूथ मल्डक मिलिशाष्ट अटक ।

मर्व्य क्रांप निवरमन, दनर्थ त्य—दम दमर्थ ॥

मर्व्य मिलिशा मर्व्य क्रिया ।

विश्व क्रिया क्रिया व्याप्टन ममून्य ।

पम नारे, विष्ठा व्याप्टन ममून्य ।

पम नारे, विष्ठा व्याप्टन स्वाप्टन ।

कर्म नारे, पृष्ठि जांत रेमल कर्य दलम ।

कर्म नारे, ल्टि नार महन्य यह द्यम ।

পূৰ্বতন ঋষিগণ ব'লেছেন তাই— মহান পুরুষ তিনি তুল্য তাঁর নাই॥ ध्यश्य गारव, धकाकी, विनि कां शिया शांकि গঠেন নিভি নিভি যার যা চাই: ব্রহ্ম ডিনি সারাৎসার, সরব-মূলাধার, তাঁরে ডিঙায় কারো দাধ্য নাই ॥ আশ্চর্য্য ভাষার ভাষ নাহি ষার্গ কহা। विन्तु इरेटि । विन्तु महा देहट अहा ॥ নিবদৈন হৃদি মাঝে নিভত গুহায়। কর্ম্মফল, ভোগ-স্পৃহা, পরশে না ভাঁয়॥ Cकरथ रय दम পরাৎপরে, टकरथ रय महिमा. তার আনদ্দের নাই সীমা পরিসীমা॥ আলোক দেখিয়া তার খুলি যায় চোক। श्वनग्र-<mark>भाषात्त भा</mark>त्र नाहि त**रह ८**भाक ॥ এক তিনি অন্তরাতা বলী সবাকার। এক হৈতে হইতেছে অসংখ্য ব্যাপার॥ षाचारिक त्य (मर्थ काँद्रि शालिया स्मय, তাহারি শাখত হথ, অফ্রের তা নয়॥

শনিত্য সংসার মাঝে এক তিনি নিত্য।
তাঁহারি চেতনে চেতে জগজন-চিত্ত ॥
একাকী দেখেন তিনি হাছার বা চাই।
বিধান করেন আর সেই অমুঘাই॥
আন্থাতে যে দেখে তাঁরে পাতিয়া ছলম,
তাহারি শাখত শান্তি শন্যের তা নয়॥
ফদরের গাঁট হ'লে তেতে ছারখার,
মর্ত্য সে শমর হয়, কহিলান সার॥

न्दम ज्यामा

ভর করি একই শাখী, হলর ছটি পাখী,
দৌহে দৌহার দথা, কি ভাব আহা।
হথে হ'রে চলচল্, একটি খায় কল,
আরেকটি কেবল নিরখে ভাহা।
একই গাছে ছবি আছে, তারে না দেখি কাছে
কাঁদিয়া জীব-পাখী হ'তেছে সারা।
প্রভ্রে স্বন্ধহিনায়, ববে বেবিতে পার,
আনন্দে বহি যার নয়ন-শাষা।

'নবোদিত প্রেম-রবি, হিরণায় ছবি (मर्थ (य समाकारण नग्न (मनि। भाक माहि करत बात्र, नकरत निकात, निधिन भूगा भाभ बाष्ट्रिया दक्ति॥ নিরঞ্জন অল্যেছিত, শরীর-বিরহিত, निजा পরাংপরে জানে যে জন। शृथिरीत धुनितानि ८ठनिया (करन श्राम, লভে সে অবিনাশী পরম ধনা নয়নে না ভায় রূপ, বচন হয় চুপ, ভাবনা নাহি পায় চিছু তাঁর। আত্মতে দেখাই সার, ভবের কর্ণার শান্ত শিব অদিতীয় সারাৎসার # পুত্র হ'তে প্রিয় ইনি বিত্ত হ'তে প্রিয়।

পুত হ'তে প্রের হান বিও হ'তে প্রের।
নিখিল ভব-সংসারে যত রমণীর
যা কিছু, সকল হ'তে ইনি প্রিরতম —
এই বে অক্সরতম আত্মা অনুপ্র র
অত্যে যদি প্রির বল', দে প্রিম তোমার
রিহিবে না চির্দিন, ক্ষিলাম সার ॥

षांबादबरे छेशांगिरव श्रिय विन वानि **ट्यामात्र क्षिरमञ्ज उर्द हरेरद ना हानि ॥** वाजमारद दन्या हाई विस्य त्मिल वाँथि। भाग गरे छक्त वहरन खंडा वाथि॥ गत्नामात्व ভावा हाई जादा बहुत्र । ধ্যান করা চাই তাঁরে একাগ্রতা-দহ্য . थरे तम श्रीजा करतन मस्तव वितास. गकत्वत अधिभिष्ठि त्राज-अधिताज ॥ চক্রের নাভিতে আর বেইন-বলয়ে चतावनी तरह यथा चंछल-चालारम. তেমনি ষতেক জীব, যত বুক্লতা, ये टर्नाक देनाकांखन, यटक देनवें। পর্যাত্ম আর তাঁর নিয়মের বলে রহিয়াছে যথাছানে, ভিলেক না টলে॥ চিরস্তন বেলা ভিনি আমা-গ্রা'কার পूनः পूनः छाँदर शामि कति समस्रात ॥ Cर अगामि! वालि आह मिसिन शत्रन। তোমা হৈতে হইয়াছে সমস্ত ভূবন ঃ

Cबरनिष्ट डॉशांटर अहे मर्स्डा कवि वात । ना जानिएन हरें उद नहान विनाम ॥ रेर्हारत रय जारन, लटक चनल कोनन। कु: थहे Cकदार शिद्रा चक्क कर कन । मकल हहे (कु छेक्त मक्राव वाहि নাহি রূপ নাহি শোক নাহি তার ব্যাধি॥ रेरांदर दय जात्न, लएक अनुष्ठ कीलन्। ष्ट्रःथरे टकरल शिद्य अना यक अन । রহৎ, গবার উচ্চ, ত্রহা এক মাত্র। নিবসেন সূর্ব্ব ভূতে. যে যেমন পাত্র। আছেন বেফীন করি জগৎ সংসার। **डाँशांत एवं क्य कार्य बुड़ा माहि छात ॥** यर्डक हेल्पिय स्थान माहान दय श्रन, স্বার ভিত্তে জানে তাঁহার জাঞ্চন गकरनत क्षप्र जिनि है क्षित्र-त्रहिछ। স্বার শর্প জিলি স্বার হছেৎ 🎚 ষ্পণ্ড খ্যায় জ্যোতি প্রস্থ পরাংপর। শান্তির নিদান তিনি ধর্মের আকর।

नर्मम अधात।

ওঁ বলিতে বুকার জক্ষ যিনি সর্ব্ব-ম্লাধার।
অগনন দেবতা ইহাঁরে দের পূজা উপহার॥
মধ্যে সেই দেব-দেব, ত্রিভুবনে মহিমা না ধরে।
উপাসিছে স্কল দেবতা তাঁরে প্রেমভক্তি ভরে॥
ওঁ বলি ধ্যান ধরি প্রম মাছার.

কুশলে তরিয়া যাও ভব অন্ধকার॥
ওকার সাধিয়া জ্ঞানী লভে সেই শান্তির সাগর
অন্ধর অমর ব্রহ্ম অভয় পরম-পরাৎপর॥
সেই সবিতার বরণীয় তেজ জ্ঞানশক্তিময়—
সেই দেবতার হুমঙ্গল দীপ্তি অমৃত-নিলয়—
ধ্যান করি; ঘুচাইয়া যিনি হৃদরের অন্ধকার
বৃদ্ধির্ভি প্রেরিছেন শহরহ আমাসবাকার॥

ব্ৰেলে আমি ত্যজিব না,
আমারে তাজেন নাই প্রভু।
তাঁহারে ত্যজিব আমি—
এমন না হয় বেন কভু।

শরম পুরুষ তিনি জানিবার বস্তু, জানো তাঁরে।
মৃত্যু,ব্যথা না দিক্ তোমা-স্বারে,এত্বার সংসারে॥
বেঘ দেবতা জলে, যিনি দীপ্ত ত্তাসনে;
প্রবিষ্ট আছেন যিনি সমস্ত ভুবনে॥
বেঘ দেব অখপ্য-বটে, ধান্যে ভ্ণে আর।
বারবার তাঁরে আমি করি নম্কার॥

একাদশ অধ্যার।

শক পশ রূপ রুদ গন্ধ নাহি তাঁর।
অক্ষয় অনাদি নিত্য অনস্ত অপার ॥
মহতের মহৎ অচল-দম স্থির।
এড়ার মৃত্যুর মুখ তাঁরে জানি ধীর ॥
সবার অন্তরে তিনি আছেন নিগৃত।
দেখিতে না পার তাঁরে জ্ঞান-হীন মৃত ॥
সূক্ষ্মদর্শী সাধ্যকের হুগভীর জ্ঞানে।
ভাল ভাল কথা কেবল হাওয়া।
ভাহাতে তাঁহারে না যায় পাওয়া॥

খাকিলে কি হয় ধারালো মেধা।
ভাহাতে না যায় লক্ষ্য বেঁধা ॥
আনেক ক'য়েছে জনেক মূন।
পাওয়া নাহি যায় ভাবতে শুনি ॥
ব্যাকুল ছদয়ে বে তাঁরে চায়,
তাঁহারি রুপায় তাঁহারে পায় ॥
আর দীব কথা হইলে চুপ,
থাকাশেন তিনি আপন রূপ ॥
ওঠো! জাগো! উত্তম আচার্য্যে ধর গিয়া—
লভ জ্ঞান, জরে! মোহ-নিলা তেয়াগিয়া ॥
বলেন সাধক বাঁরা দিছ-মনোরণ,
কুরের ধারের মত ছুর্গম সে পথ ॥
এই সে আনাদি ব্রহ্ম অয়ত অভয়।
ইহাঁরে প্রশান্ত মনে উপাদিতে হয়॥

় ব্লের মতন স্তব্ধ র'য়েছেন শুন্যের উপরে। নিখিল ভুবন পূর্ণ দেই এক মহান্ ঈশবে॥ বাদ-রকে যেমন বিছয়কুল, শুন প্রিয় শিষ্য, তেমনি প্রমাত্মাতে করে ভর — চরাচর বিশ্ব । এক দেব গুঢ় তিনি সকল বস্তুতে। অন্তরাত্মা বিভূ নিবসেন সর্ব্বস্থতে। চক্ষের উপরে তাঁর রয়েছে সমস্ত। যেথায় যা কিছু হয় সবে ভাঁর হস্ত॥ ব্যাপিয়া আছেন তিনি নিধিল ভুবন। নিগুণ নিঃসঙ্গ তিনি জাগ্রত চেতন ॥ चारना कति एम निक् मह्य कितरन, প্রকাশে যেমন ভাতু গগন প্রাক্ষণে, উজলিয়া সমস্ত তেমনি ভগবান প্রকৃতির মাঝারে করেন অধিষ্ঠান॥ উঠুক वा महार्त्यास्य हहेन्ना छेशान, ছুটক বা পার্ম্বাগে, মধ্যে বা কোখাও, কোনো ঠাই মন তাঁর নাহি পায় দীমা ! নাম ভার মহদ্যশ, নাহিক প্রতিমা ॥

ক্লপ নাহি ভায় দর্শ-ক্ষেত্রে **टक्स्य डॉशांत एक्टिय दनात् ।** मः बढ कवि मनः शान कारन दर्ग डीहारत खेकारान. কাডিয়া ফেলিয়া ছঃখ খোকে অমর গে হয় মর্ভ্য লোকে ॥ অনেকে ভাঁহার কথা শুনিতে না পায়। শুনিয়াও অনেকে জানে না তাঁরে—হায়। আশ্চর্য্য সে, ভাঁর কথা কহিতে যে পারে। নিপুণ দে অতিশয়—লভে ধে ওাঁহারে। আশ্র্য্য তাঁহার জাতা; শিক্ষা লভিয়াছে কি না জানি স্থনিপুন আচার্ব্যের কাছে। মৃত্মতি যত সব, বালকের প্রায়, বিষয়-মূপতৃষ্ণার পাছু পাছু ধার ॥ চারিদিকে মৃত্যুপাশ ভয়হ্বর অতি. তাহা তারা নাহি জানে—পড়ি যার তথি। অমৃত যে কি বস্তু—জানিয়া ধীর সবে, নিত্যের না করে আশ অনিক্য এ ভবে ।

শ্বমর না হই যাতে কি করিব তা'তে।
তেঁই ডাকিডেছি আমি ত্রিভ্বন-নাথে।
শ্বনং হইতে মোরে ল'য়ে যাও সতে।
শ্বালোকে লইরা যাও শ্বকার হ'তে।
মৃত্যু হ'তে শ্বামার শ্বযুতে ল'রে যাও।
হে নাথ—করুণা-সিন্ধু! মোরে দেখা দাও।
হে রুদ্র ! প্রেসন মূখে চাহি মোর প্রতি
রক্ষা কর মোরে সদা করি এ মিনতি।

व्यानम् व्यथात् ।

সত্যেরই—সত্যেরই—জর, কভু না মিধ্যার।
কার-মন:-প্রাণে কর সত্য-পথ সার॥
সত্যের প্রকাশে যার বিকাশে চেতন,
লভে সে পরমান্থারে করিয়া সাধন॥
চলিতেন ঋষিণণ ধরি সত্য-পথ,
হইয়াছিলেন তাই সিদ্ধ-মনোরথ—
মহান্ আন্থার সেই পাইয়া সন্ধান,
সকল সত্যের যিনি পরম নিধান॥

মনঃপ্রাণাতীত সেই জ্যোতির্মন্ন অমৃতপুরুষ —
অন্তরে বাহিরে দেবে যতিদবে বিগত-কল্ব ॥
দেবতাগণের তিনি অধিপতি; লোকলোকান্তর
অসংখ্য অপরিমেয় দকলি উাহাতে করে ভর ॥
মহান্ আতমা তিনি জনম-বিহীন নিরাধার।
হর নর পশু পক্ষী — দবে চলে নিয়মে তাঁহার ॥

তাঁরে কেছ দেখিতে না পায়।
তিনি দেখিছেন সমূদায়॥
ভানিতে না পায় কেছ তাঁরে।
ভানিছেন তিনি স্বাকা'রে।

ভাবিয়া তাঁহার কেহ নাহি পায় অন্ত।
চরাচর বিশ্ব তাঁর ভাবনা জীবন্ত ॥
তাঁহারে জানে না কেহ এ তিন ভ্বনে
সমস্ত ভ্বন তাঁর নথ-দরপণে॥
'এ না' 'এ না,' 'এ না' বলি কান্ত হয়
পিছায় ইন্দ্রিয় মন প্রাভব মানি॥

দৰ্ব-অধিপতি তিনি দ্বা'র ঈশ্বর।
নেখেছেন শাসনে নিখিল চরাচর॥
একজন ফল-ভূক্, ফলদাতা অন্য।
বৃদ্ধির গভীরে দোঁহে একতা নিষর॥
কিবা জানী কিবা কর্মী —কহে বারে বারে
ছায়া-আতপের ভেদ দোঁহার মাঝারে॥

চতুর্দশ অধ্যার।

জনাদি জনস্ত যিনি মহান্
তিনিই হংশ-রূপ।
জল্লে কজু নাহি হংগ!
কোপায় সমুদ্র, কোথা কৃপ!
ভূমাই কেবল হংগ;

ইচ্ছা কর জানিতে ভূষায়। কোথায় ভাছেন সেই ভগবান্ !— নিজ মহিমায়! উচ্চে তিনি মহাব্যোমে,
নিচে তিনি পাতাল-গহরে। .
পশ্চাতে সম্মূৰে তিনি বিরাজেন,
দক্ষিণে উত্তরে॥

ভূত ভবিষাতের নিয়স্তা ভগবান্। আজ'ও তিনি, কাল'ও তিনি, চির-বর্তমান 🛚 অদৃশ্য থাকিয়া য়িনি অসংখ্যের কামনা-প্রবাহ বিচিত্র শক্তি যোগে করিছেন একাকী নির্বাহ; णानि चट्छ मार्वशास व्हार्थ विनि जगउमः मादः শুভ বুদ্ধি প্রদান করুন তিনি আমা-দ্বাকারে॥ সংসার, আফুতি, কাল, সমস্তের তিনি পরপার। ফিরিছে বিশ্বভূবন নিরস্তর শাসনে তাঁহার। ধর্মের আকর তিনি পাপ-বিমোচন। ঐশ্বর্যার অধিপতি বিশ্ব-বিধরণ॥ অমৃত আনন্দ তিনি আত্মার আধারে। মহাশান্তি লভে জীব জানিয়া তাঁহারে॥ ত্রিভুবন-কর্ত্ত। তিনি ত্রিভুবন-জ্ঞাতা, আত্থার কারণ তিনি কালের বিধাতা ॥

ভিণের নিয়ন্তা তিনি শুণের নিধান।

চেতনাচেতন-পতি সর্বজ্ঞ মহান্॥

স্থিতি গতি মুক্তি আর সংসার বন্ধন,

যাহাকিছু, সমন্তের তিনিই কারণ॥

তানময়, অমৃত, ব্যাপিয়া সর্বদেশ

বিরাজেন বিশ্ব পাতা অটল মহেশ॥

তাঁহারি শাসনে কিরে ভুবন মঙ্ল।

নিয়ন্তা এ জগতের তিনিই কেবল॥

আজ্ঞান-প্রকাশক সেই দেব চরাচর-স্বামী।

শরণ লইকু আমি তাঁর পদে, হ'য়ে মুক্তিকামী॥

সেই এই ত্রেক্সের আরেক নাম সত্য।
তাঁহারি কিরণ-কণা নিখিলের তত্ত্ব॥
নিজল নিজ্ঞির শাস্ত শুদ্ধ নিরপ্পন।
দীপু ত্তাশন তিনি কলুষ-দহন॥
না হয় সংসার, ভেঙে চুরমার,
না টলে শশী আদিত্য।
বাঁধ হ'য়ে তিনি গগন-মেদিনী
ধরিয়া আছেন নিত্য॥

ना त्रांकि, ना नियम, ना ८भाक, ना विधान, না জরা, না মুত্যু পারে লঙ্গিতে সে বাঁধ॥ বেই আছা অজর অমর বীতপাপ: নাহি বাঁর কুধা ভৃষ্ণা নাহি শোকতাপ; যা ইচ্ছেন, যা ভাবেন, সত্য সে.তাহাই। অবেষিয়া স্বতনে তাঁরে জানা চাই॥ व्यविशा त्यहे कारन वह भूगा-करन, ত্রিজগৎ পায় সে আপন করতলে॥ ধন্য হয় লভিয়া পরম পুরুষার্থ। সকল কামনা ভার হয় চরিভার্থ॥ নাম তাঁর আকাশ। কি নাম দিব আর। নিখিল নাম-রূপের তিনি মূলাধার ॥ যাঁহার নাহিক ক্রপ, নাহি যাঁর নাম, তিনি ত্রন্ম, ভিনিই অয়ত, শাস্তি-ধান॥ না বাক্যে না মনে তাঁরে কেহ পায়, ना हरक त्नहारते।

"আছেন" ব্যতীত আর কি বলিয়া নির্দেশিব তাঁরে॥ ি যে দেবে প্রমান্ধারে জাগ্রন্ত জীবন্ত,
নিয়ন্তা ভূত-ভব্যের জনাদি জনন্ত,
তাঁ-হ'তে কিছু সে জার না করে পোপন।
কায়মনোবাকো সঁপে ভাঁহাতে জীবন॥

नक्षमण जशांत्र ।

পাপ-আচরণ হ'তে না হইলে কান্ত;
না হইলে সমাহিত, না হইলে শান্ত;
হইলে বিভ্রান্ত-মতি ফল-কামনায়;
জ্ঞান-বলে শুধু তাঁরে পাওয়া নাহি যায়॥
প্রেয় আর প্রেয় ফিরে মসুষ্য-মাঝারে।
ধীর ব্যক্তি উভয়ের প্রভেদ বিচারে॥
শ্রেয় যে গ্রহণ করে, বিপক্তি এড়ায়।
প্রেয় যে গ্রহণ করে, সর্বন্ধ হারায়॥
যে যা করে, সে তা হয়; উভেট না কদাপি।
সাধুকারী সাধু হয়, পাপকারী পাপী॥
পুণ্য-আচরণে আজা হয় পুণ্যক্ষা।
পাপ-আচরণে হয় পাপের আলায়॥

বুদ্ধিহীন যেই জন, মন যার সতত অভির, ভাহার ইন্দ্রিগণ চুষ্ট অশ্ব যেন সার্থীর॥ (यहे जन स्वृद्धि, कर्त्तरा यात्र नाहिक चालमा, তাহার ইন্দিয়গণ সার্থীর বশীভূত অখ। छान-भूना, मना चग्र-मनक, अछि (यहे जन, ना लएक दम खक्ताश्रम, मः माद्राहे हम निम्मन ॥ বুজিমান্ বে জন, সংঘতচিত্ত, পুণ্য-মুখজ্যোতি, লভে সেই ত্রহ্মপদ, যাহা-হৈতে না হয় বিচুত্তি॥ वृक्ति यात्र मात्रथी. मत्नद्र ताम हत्छ जांभनात्र. সেই লভে ত্রন্মের পরম পদ. সংসারের পার॥ ত্রক্ষের পরম পদ, দেখে তত্ত্ব-বিশারদ

হৃবিদ্বান্ পণ্ডিত সকলে। দেখে যথা পুরবাসী বিস্তৃত ন্ধালোক রাশি স্মাধি মেলি গগন-মণ্ডলে॥

মোহান অজ্ঞানী সবে

হেতা হৈতে যায় যবে চলি। লভে নিরানন লোক, ক্ষকার যেথায় স্ক্রি॥

শান্ত দান্ত হ'য়ে, শীক্ত উষ্ণ দ'য়ে, (ठेलिया (कलिया विषय-काम: হ'য়ে সমাহিত, ধীর ব্রহ্মবিৎ. আত্মাতে দেখেন আত্মারাম॥ পাপ না ইহাঁকে স্পর্ণে. পাপের এড়া'ন ইনি হস্ত। পাপ না ইহাঁকে দহে. পাপ-রাশি দহেন সমস্ত॥ নিষ্পাপ, নির্মাল-চিত্ত, ত্রহ্মপরায়ণ, শ্রদা-ভক্তি সমন্বিত, ইনিই ব্রাহ্মণ # পাইয়া আনন্দময়ে ভাদেন আনন্দে। পাপ তাপ শোক মোহ ভরেন সচ্চদে ছদয়ের গাঁট হ'তে লভিয়া নিস্তার. করেন অমৃত হ'রে অমৃতে বিহার॥ সত্য কভু ছাড়িবে না, ছাড়িবে না ধর্ম। ছাভিবে না কদাচন ভোয়ক্ষর কর্ম।

সত্য কহ; ধর্ম আচরণ কর; ধর্মই অমৃত। मम्राम अथाय हिन उक् मम, त्य करह जमुज ॥ या ८४७ याहाटक, मिटव ध्वात महिटा । অশ্রদ্ধা করিয়া কিছু হইবে না দিতে॥ মাতাকে পিতাকে আর গুরুকে সতত, দেখিবে পরম পূজ্য দেবতার মত॥ অনিন্দিত যেই কর্ম, করিবে তাহাই। ষ্মত্ত কাজে মনোমাঝে নাহি দিবে ঠাই॥ मनाठांत आंभारमत यांश (नथ (भांन', তাহাই করিবে দেবা, নহে অন্য কোন'॥ এই দব উপায়ে যতে যে জ্ঞানবান. তাঁর আজা ব্রহ্মধামে করয়ে প্রয়াণ। শুন দিব্যধামবাদী অমূতের যতেক সন্তান. জানিয়াছি আমি দেই জ্যোতির্ময় পুরুষ মহান-আদিত্য বরণ, তিখিরের পার! তাঁরে জানিয়াই মরণ এডায় জীব, নিস্তারের অন্য পথ নাই॥ আপনাতে ভর করি র'য়েছেন যিনি এই নিতা, জানিবারই বস্তু তিনি,যে জানে দে হয় কৃতকৃত্য॥

ছহাঁরে পাইয়া পূজ্য ঋষিগণ জ্ঞান-পরিত্প,
প্রশান্ত, ক্তার্থ-মনা, বীতরাগ, বিষয়-নির্লিপ্ত,
সর্বত দেখিয়া সেই সর্বাধারে, হ'য়ে যোগমুক্ত,
প্রবিশেন দর্ব্ব ঘটে, জ্ঞান-ছার পাইয়া উন্মুক্ত ॥
জীবাজা বিজ্ঞানময় সমৃদয় ইক্রিয়ের সাথে,
জীব জন্ত দবে আর, ভর করি রহিয়াছে যাঁতে,
সেই অবিনাশী ত্রক্ষে যেই জানে—জানে দব সত্য;
সকলের ভিতরে প্রবেশ করে, লভে অমরত্ব ॥
তেজোময় পুরুষ অমৃতময় দর্বক্ত মহান্,

তিনিই আকাশে এই,

তিনিই আত্মাতে বিদ্যমান ।
তাঁরেই জানিয়া ধীর মরণ এড়ায়।
নিস্তার লাভের আর নাহি রে উপায়।
ব্রাহ্মী উপনিষদ্ বলিমু এই—বলিমু তোমারে
ব্রাহ্মী উপনিষদ্, মভয় ভেলা ভব-পারাবারে।

উপনিষদের সার ত্রহ্ম অন্তর্যামী। কর-ঘোড়ে বার বার নমি তাঁরে আমি॥ বাক্য, বল, প্রাণ, আর, যতেক অঙ্গ আমার চক্ষ কর্ণ শিরোমুখ হস্ত; বিতরি সন্তাপহারী স্থবিমল শান্তি-বারি, পরিতৃপ্ত করুন্ সমস্ত॥ ব্রহ্মে আমি•ত্যজিব না, আমারে ত্যজেন নাই প্রভু। তাঁহারে ত্যজিব আমি, এমন না হয় যেন কভু॥ সেই দে আত্মা নিখিল-সামী; নিয়ত তাঁহাতে নিরত মামি॥ यरज्क धर्च धरत छेशानियम रक्षांक, আমাতে হো'ক্ সৰ আমাতে হো'ক্॥

দ্বিতীয় খণ্ড॥

প্রথম অধ্যায়।

শিষ্য-প্রতি আচার্য্যের এই উপদেশ,শুন দবে:— গৃহিজন ব্ৰহ্মনিষ্ঠ তত্ত্বজান-প্ৰায়ণ হবে॥ সাবধানে আচরিবে গৃহক্তের যাহা যাহা ধর্ম। সঁপিবে পর্ম ত্রক্ষে অনুষ্ঠিত যত কিছু কর্ম। পিতা আর মাতাকে দাকাৎ জানি দেবতা প্রত্যক্ষ. করিবে দোহাঁর দেবা, কায়-মনে, তনর স্থদক ॥ শুনাবে মৃতুল বাণী, প্রিয় আচরিবে অহরহ। সংপুত্র কুলপাবন ছইবে দোহাঁর আজ্ঞাবহ।। মাতাই পরম গুরু, অফ্র-সনে তুলনা-রহিতা। পৃথী হ'তে গুরু মাতা,আকাশ হইতে উচ্চ পিতা॥ বেই ক্লেশ সহেন গো পিতা-মাতা সম্ভানের তরে. স্থধিতে না পারে তাহা কোন জন শতেক বৎসরে। জ্যেষ্ঠ ভ্রাতা পিতাসম,ভার্য্যাপুত্র শরীর আপন। দাসবর্গ ছায়াসম, কন্যাগুলি কুপার ভাজন ॥ ইহাদের কারো উপদ্রবে কভু হ'লে জালাতন, সহিবে ধৈরজ ধরি, বিচলিত করিবে না মন।

শ্বতিবাদ সহিবে, অবজ্ঞা করিবে না কোন জনে। ধরি এই মর্ত্ত্য দেহ, বৈরী করিবে না কারো সনে॥

দিতীয় অধ্যায়।

যত দিন না হয় বিবাহে বাঁধা, আর্দ্ধ থাকে নর।
বালকে না হ'লে পূর্ণ, শাশানের মত হয় ঘর॥
সন্তানের জননী বলিয়া ভার্যা, সন্মানের পাত্রী,
পূজনীয়া, গৃহের বিমল দীপ্তি, মঙ্গলের ধাত্রী;—
দেখিলে ঘূটিয়া যায় নয়নের থেদ।
স্ত্রীয়ে আর জ্রীয়ে নাই অনুমাত্র ভেদ॥
সর্বাঙ্গ ফুন্দরী বিবাহিবে নর ফুশীলা সরলা।
মূল্যে কেনা যেই কন্যা

পত্নী তারে নাহি যায় বলা।
পরস্পার ব্যভিচারী হইবে না, থাকিতে জীবন; —
স্ত্রীপুরুষ-মাঝারে ইহাই জেনো ধর্ম দনাজন ॥
দোহা-প্রতি দোহে দদা দেইরূপ করিবে খতন,
বিচ্ছেদ ঘটিয়া যাতে অভ্য-পানে নাহি টলে মন
স্বামীতে সম্ভক্ত জারা, জারাতে সম্ভক্ত জার পতি;
দেন স্থাবহ গৃহ কল্যাণের চির-নিবসতি॥

সে-ই ভার্যা যে পতিপ্রাণা,

সে-ই ভার্যা যে পুত্রকন্যাবতী; শুদ্ধ মনে সতত যে শুনি চলে,যাহা বলে পতি। যাহা-তাহা ভাষিবে না, করিবে না কলহ বিবাদ। অতিব্যয়ী হইবে না, ধর্ম-অর্থে সাধিবে না বাদ।। পতির মদলে আর প্রিয়কার্য্যে সতত নিযুক্তা; मनाठाता (य नाती मःय एक निया, मर्का एनाय-मूळा ; দেই নারীরত্ব তিনকুলের উচ্ছল করে মুখ। ইহলোকে লভে কীর্ত্তি. পরলোকে অকুপম স্থুখ। পতিবাকা শুনি চলা স্ত্রীজাতির পরম ধরম। সাধ্বী সতী জায়া ত্যজি, পতি হয় পাপীর অধম। खोकरनत गांद्व द्यम छुःमस्त्रत ना लार्ग भत्म ; কাঁদায় উভয় কুল, লোকে যদি রটে অপ্যশ ॥ কি করিবে অবরোধে। অরক্ষিতা চির অরক্ষিতা। আপনাকে আপনি যেরক্ষা করে সেই স্থরক্ষিতাঃ অগ্রজের যিনি ভার্য্যা, গুরু-পত্নী যেন আর্য্যা—

দেখিবেন তাঁরে ছোট ভাই। কনিষ্ঠের ভার্য্য যিনি, পুত্রবধূ-দমা তিনি, অপ্রজের; ইহা জানা চাই॥ ন্ত্রী-পুত্র পালিবে গৃহী যত্ন সহকারে।
বিদ্যাভ্যাদ করাইবে পুত্র সবাকারে॥
স্বজন-বন্ধু-বান্ধব করিবে পোষণ।
গৃহীর জানিবে এই ধর্ম দ্যাতন॥
কন্মাকেও যতনে শিখাবে বিদ্যা,
পালিবে আদিরে।

ধন-রত্ন সৃহিতে সঁপিয়া দিবে স্থপণ্ডিত বরে॥ বেমন পতির হাতে পড়ে নারী, তেমনি সে হয়। সমুদ্রে পড়িলে নদী, হ'য়ে যায় লবণাস্থ্যয়॥

> জানে না স্বামী কি বস্তু, স্বামি-দেবা জানে না কেমন ; ঘুণাক্ষরে জানে না

কাহারে বলে ধরম-শাদন;
হেন যে ছুহিতা জ্ঞান-বিরহিতা বালিকা নিতান্ত;
তাহার বিবাহ দিতে মতিমান্ পিতা র'বে ক্ষান্ত॥
স্থির করিবার কালে বিবাহের পাত্র,
পা না লইবে পিতা কপর্দক মাত্র॥

टलाट अ अ ज़िया होरन लग्न यिन अन, कन्या-विकटसन अरिश हम्न निम्यान ॥

চতুর্থ অধ্যার।

শুক্ল কেশ যাহার সে নহে বৃদ্ধ;

দেবতা সকলে

তাহারেই জানে বৃদ্ধ—

যোবনেই বিদ্যা যার ফলে।

মোনে মুনি না হয়,

না হয় মুনি জটাজুট ভারে।

আপনারে পছানে যে বিচক্ষণ,

মুনি বলি তারে॥

আপনারে করিবে না হেয় জ্ঞান

ধনহীন বলি'।

আমরণ শ্রী করিবে অংহযণ

বাধা বিদ্ধ দলি'॥

আত্মবশ সবই স্থ

পরবশ ছঃখ অবিরাম।

হুখ ছুঃখ কারে বলে

ছুকথায় বলিয়া দিলাম॥

মূলক্ষয় করিবে না অতি লোভে;

मृल (शांशिहिल,

আপনি ভূবিবে, অন্যে ভূবাইবে,

विপज्जि-मलिएल ॥

ट्योवत्नर्रे धर्म-धन मिक्टिव,

জীবন অনিশ্চিত।

কে জানে কাহার আজ

মৃত্যুকাল হবে উপস্থিত॥

হুচরিত্র হুশীল প্রদর্মনা

আত্মজ্ঞ হ্মতি,

हेर लांक लाख मान

পরলোকে অমুত্তম গতি ॥

সতা দান তপস্যা

এ তিন বার অংকর ভূষণ; বাক্য মন বংশ বার;

সেই লভে ত্রক্ষনিকেতন ॥
প্রশাস্ত যাহার মন; ধর্মে দলা রত;
কাজ কর্মে কাটে দিন যাহার নিয়ত;
অধর্মে নৈ নাহি করে হদয়ে পোষণ।
পাপে নাহি হয় কভু স্থালিত-চরণ্॥
ধর্ম-অর্থে ঠেলিয়া যে ইক্রিয়ের পাছু পাছু ধায়;
ধন প্রাণ্, ক্রী প্র, ক্রী শোভা, দব, শীত্র দে হারায়॥
আপনি আপন বন্ধু—আপনি যে আপনার হাতে।
বন্ধা শক্রু ফুইই জেনো

ফিরিছে আপন সাথে গাথে।
লভিয়া উত্তম জন্ম — ইন্দ্রিয়-সেঠিব চনৎকার,
আত্মহিত যে না ব্ঝে,আত্মঘাতী সে এক প্রকারঃ।
তেমতি করিবে কাজ, যৌবনের হইতে উন্মেব,
হথে বাতে কাটাইতে পার কাল
শুরু হ'লে কেশ।

করিবে তেমনি কাজে সমস্ত জীবন অবসান, ত্থী হ'তে পার যাতে পর-লোকে করিয়া প্রয়াণ। ইচ্ছিবে না মৃত্যু কভু, ইচ্ছিবে না পরমায়ু-ভোগ। প্রতীকা করিবে কাল,ভৃত্য যথা প্রভুর নিয়োগ॥

পঞ্চম অধ্যার।

প্রবাহিত রাখি হাদে সম্ভোষের নদী. হইবে সংযত-চিত্ত হুথ চাও যদি॥ সন্তোষ স্থাবর মূল ইথে নাহি ভুল। অসন্তোষই যত কিছু অস্থার মূল॥ মূর্থেরাই অসন্তোধে মনে দে'র স্থান! সভোষ করেন সার যে জন ধীমান ॥ অস্ত কভু নাহি জানে তুরন্ত পিয়াস। সস্তোষ কেবলি এক স্থাৰে নিবাস। কালচক্রে স্থব দুঃখ সুরে দিবারাতি। হুখে ল'বে ক্লোড় পাতি,দুঃখে বুক পাতি 🛊 আসে যায় তথ তঃখ নাহি রহে স্থির। তুয়েরই বিহার ভূমি মর্ত্ত্যের শরীর॥

হ'ব তুংব প্রিরাপ্রিয় বা আদে যখন,
দেবিবে অজিত-চিতে তাহাই তথন ॥
অতি হাই হইবে না প্রিয়-সমাগনে।
অপ্রিয়ে হ'বে না প্রান ব্যবিয়া মরমে ॥
করিবে না হাত্তাশ হ'লে অনটন ।
ধর্ম ত্যজিবে না কভু থাকিতে জীবন ॥
সন্তাপৈ শরীর হয় বোগের নিবাস।
রূপ যায়, বল যায়, বুদ্ধি পায় নাশ॥

वर्षे व्यथाति ।

আপন পৌরুষ কিন্তা যশের বিস্তার;
অন্তের ক্থিত কোন' গুপু সমাচার;
সাধিত যা হয় আর পর-হিত তরে;
ধর্মজ্ঞ না প্রকাশিবে কাহারো গোচরে॥

সত্য, মৃত্, প্রিয়,হিতকর বাক্য,কহিবে সজ্জন।
আপনার প্রশংসা, পরের নিন্দা,করিবে বর্জ্জন॥
সত্যই যাহার ব্রত, পর ছঃখে মন যার গলে,
কাম কোধ বশে যার,তিন লোক তার করতলে॥

নিস্পৃহ বে পরধনে; পরদারে মন নাছি টলে;
দস্ত-মাৎসর্ঘ্য-বিহীন; তিন লোক তার করতলে ।
যুদ্ধে যে না ভরার,সঙ্গুনে যে না পরাধ্যুধ হয়,
ভার যুদ্ধে মরিলেও—দেই করে ভিন লোক জয়॥
সত্য ক'বে, প্রিয় ক'বে;

নাহি ক'বে অপ্রির যে সত্য। প্রির মিধ্যা না কহিবে; দার এই ধরহমর তত্ত্ব॥ শরীরের শোধন দলিলে হয়,সত্যে শোধে মন। বিদ্যা তপে শোধে আত্মা,

জ্ঞানে হয় বৃদ্ধির শোধন॥ মনে ধরি এক ভাব, অহ্য-ভাবে যে থেলে চাতুরী; কিনা করে মহাপাপ

চোর দে আপনে করি চুরি॥ সত্য-সম ধর্ম নাই, সত্য সে অতুল। মিথ্যার মতন নাই মর্মভেদী খূল॥ প্রিয় হয় অর্থ দিয়ে, প্রিয় হয় প্রিয় আলাপিয়ে। অপ্রিয় হিতের, হায়, কেহ নাই কহিএ শুনিএ॥

नश्चम अभागाः।

সাক্ষাতে যা দেখা যায়,শুনা যায়,
সাক্ষ্য তা'রি নাম।
সত্য যদি কহে সাক্ষী,ধর্মার্থনা হয় তারে বাম॥
যা দেখেছ যা শুনেছ কহিবে তাহাই অবিকল।
রক্ষা করে ধরমে,সাক্ষীরে তারে, সত্যই কেবল॥
সাক্ষ্য দিতে দাঁড়াইয়া অস্তরাত্মা যাহার না ডরে।
তার মত শ্রেষ্ঠ নর দেবতারা জানে না অপরে॥
মনে করিও না তুমি, ওহে বাপু,

"একা সাছি আমি।"° মৌন থাকি, দেখিছেন সব তব,সে অন্তর্যামী॥

ष्पष्टेम ष्मशादा

কল্যাণ বুঝিবে যাহা, তাহাই ধরিয়া র'বে আঁটি' পাপে কভু করিবে না প্রতিপাপ,

मना ब'दव थाँ है।

অক্রোধে জিতিবে ক্রোধ,

অসাধৃতা সাধু আচরণে।

খনত্য জিতিবে নত্যে,

कर्पार्या कतित्व वश-भटन ॥

ত্থ-তু:থ-মারারে বে ধরি থাকে হাল;
সজ্জন-দেবায় আরু কাটে যার কাল;
সত্য আরু সাধুতা'র নির্মাল বাতারস,
ধর্ম-পথে বৃদ্ধি তার উজ্জ্বল প্রকাশে॥
মূর্থ-সহবাদে হয় মোহের সংক্রম।
ধর্মের আকর-ভূমি সাধু-স্মাগ্ম॥

মোহে পড়ি ষেই জন হিতবাক্য অবহেলা করে; হাত্তাশ করিয়া দে দীর্ঘসূত্রী,অনুতাপে জরে॥ সাধুর বচন ঠেলি, অসাধুর বাক্যে ষেই চলে, অচিরে তাহার হুঃথে বন্ধুজন ভাদে অঞ্জলে॥

কৃতজ্ঞ যে মতিমান্ কাজকর্ম্মে পটু; জানে না কাহাকে বলে ব্যবহার कটু; লভে সে বিমল কীর্ত্তি লোকের নিকটে; এ-জনমে কন্থু ভার অনর্থ না ঘটে॥ কৃতত্বের কোপা যশ, কোথা স্থান,
কোপার বা হংগ !
অতিবড় পাতকী দে,
তাহার দেখিতে নাই মুখ ॥

নবম অধ্যার।

খাবার বাঁটিয়া খায় ষেই জন দবার দহিত; দিতে পুতে ভালবাদে,

ভোগী স্থী হিংদা-বিরহিত ; আপনি থাইয়া, অত্যে থাওয়াইয়া, ঁ

ভাবে তৃপ্তি-নীরে;

নিরস্তর আবোগ্য বিরাজ করে তাহার শরীরে 🛊 যে যেমন পাত্রে আর

বে বেমন চিত্তে করে দান,
পরলোকে লভে দে তাহার কল দেই পরিমাণ।
দানের সমান, বংস, স্তুক্তর কিছু নাহি আর।
মহাতৃষ্ণা ধন-তরে, মহাকন্ট উপার্জনে তার।
অন্যায়ে যে লভি ধন, দান ধর্ম করে অনুষ্ঠান;
পাপের মহন্তয় হইতে দে নাহি পায় তাণ॥

ভাষার্চ্ছিত ধনে আচরিবে সদা, জ্ঞান যাহা বলে।
শভাষে যে জিয়ে, তার সব ধর্ম যায় রসাতলে॥
যথাশক্তি অন্ধ দিবে, কফ স'বে, হ'বে ধর্মে রত।
যথাযোগ্য সন্মান, সবা'র প্রতি, করিবে নিয়ত॥

দিবে সবে যাহার যা সদ্য প্রয়োজন।
পরিপ্রান্ত জনে দিবে বসিতে আসন॥
শয্যা দিবে তাহারে—বে রোগে অবসর।
তৃষ্ণাভূরে দিবে জল কুখাভূরে অয়॥
সর্বাপেকা অমলান করি দাতা তৃপ্তি লভে প্রাণে।
ভূমি-দানে মহাপুণ্য, তাহার অধিক বিদ্যা-দানে॥
হও যদি বুদ্ধিমান্, চাও যদি প্রেয়,

দীন অন্ধে কুপাপাত্তে, দিবে যাহা দেয়— দিবে মাথিবার তৈল,দিবে আর থাকিবার ঠাই; দিবে অন পানীয় ঔষধ পথ্য, যাহার যা চাই॥ না দেখি তুঃথি সম্ভবে,

যেই জন অন্যে করে দান, দেখিতে তা সধু, আস্বাদনে বিষ, ধর্মের সে ভাগ॥ मत्नाष्ट्रः श खान-वत्न, तन्ह कृः थ हानित्व अवत्थ। खानी तन्त्य भवागि ;

भौकानल **कारत ना मगर्य ॥** মান ত্যবি প্রিয় হয়, ত্যব্দি আর ক্রোধ পশ্চতিশের হাত এডায় স্থবোধ॥ কামনা যে ত্যজে তার দব ধন মিলে। স্থার প্রবাহ বহে লোভ তেয়াগিলে॥ Cकांध श्रृष्ट्य भक्त. Cलां छ-त्यांधि कारन ना विताम। সর্ব-হিতকারী সাধু, অসাধু ত নির্দয়েরই নাম॥ জিতেন্দ্রিয় শাস্ত নর,বিপাকে না পড়ে বারেবার। भत-भी (पिथिल, चात, क्लिय़ा ना रुग्न हातथात ॥ केतियात ज्वान (य भरतत धरन, जारभ, क्षमखारन, श्र्य, भारत, कूल, वीर्या,

ব্যাধি তার অন্ত নাহি জানে॥

শত্রুতা সাধে বে নর বন্ধুজন-সনে,
গুণিজনে দেখে আর বিছেম নয়নে;
নাস্তিক, কপট, শঠ, নীচ, ছুরাশয়;
তাহারেই নরা ধম সর্বলোকে কয়॥
জ্বার্যাই কার্য্য আর কার্যাই অকার্য্যার চক্ষে,
বালক দে স্কুচাচারী,

ञ्च विल कुःथ ८ भीति वत्म ॥

একাদশ অধ্যার।

কারো কোনো গুণে যে না দোষারোপ করে;
কৃতজ্ঞ হৃদয়ে আর উপকার স্মরে;
সতত কল্যাণ-পথে করে বিচরণ;
হথ শান্তি ধর্ম স্বর্গ লভে সেই জন ॥
দণ্ডের স্বাই বশ; খাঁটি লোক রিরল এ ভবে।
দণ্ডের ভয়েই ত্রিভ্বন চলে বিনা উপদ্রবে ॥
আ্যার ক্রিলে দণ্ড অপ্যশ রটে স্ক্রেন;
স্বরগে কপাট পড়ে; ক্রিবে না তাহা ক্লাচন॥

ক্ষমা বশীকরণ, ক্ষমা পরম ধন। °
ক্ষমা অশন্তের গুণ, শত্তের ভূষণ॥
আপনার সমান দেখিবে অন্তে,যে চাহে কল্যাণ।
হুথ তুঃখ, ধরা-মাঝে, আত্মপর উভয়ে সমান॥

পরদারে মাতৃদম দেখে যেই জন।
পরের দামগ্রী দেখে লোফের মতন।
দকল মনুষ্যে দেখে আপনার দম।
ভাহার দেখাই দেখা—তাঁরে করি নম॥

পর-নিন্দি' দাধু হয় বেমন তুঃখিত; ফুৰ্জন তেমনি হয় হৰ্ষে পুলকিত॥ विश्रालं मायादि वार्ष ना यात हिन्छ ; কাজ কর্মে হুনিপুণ, উদ্যোগী যে নিত্য; প্রমাদ-বিহীন আর বিনয়ী যে জন: কল্যাণ ভাহার গৃহে করে সঞ্জন।। থাকিতে ধন-সমৃদ্ধি রাজ্য স্থবিশাল. অবিনয়ে হত হৈলা কত মহীপাল।। বনবাদে কত রাজা দহি' মনাগুনে. ফিরিয়া পাইলা রাজ্য বিনয়ের শুণে ॥ **অন্তরাত্মা** তোমার সম্ভোষ মানে বেইরূপ কাজে. ক্রিবে তা স্যতনে; ক্রিবে না হুদে যাহ। বাজে॥ প্রাণপণ যতনে ধরম-কার্য্য সাধ্যে যে কেহ: সিদ্ধি যদি নাও লভে,পুণ্য লভে নাহিক সন্দেহ।

व्यानम् व्यात्रः।

কামনা কাহারো।

জনলে ঢালিলে য়ুত, নিভে না সে, জুলি উঠে আরো॥

ক্ষরিলে ইন্দ্রিয় কোনো

বুদ্ধিও ক্ষরিতে হুরু করে;

कनारमत हिन्त निशा कन यथा क्रमण निश्नात ॥ नो दमविरन दक्षमा नो वर्ण चारम

ইন্দ্রিয় উদ্দাম,

দূঢ়করে বেমন, থাকিলে ধরি', জ্ঞানের লাগাম। কাম-ক্রোধ-পর নর,মূর্থ বা বিবান হো'ন তিনি, হেরার ক্রিথে ল'রে যায় তাঁরে চতুরা কামিনী। ন্তুর্দান্ত ইব্রিয়ে দশ, সংঘমে করিয়া বশ, মন করি জ্ঞানের অধীন; উপায় করিয়া ধার্য্য, সাধিবে সকল কার্য্য, কলেবর না করিয়া ক্ষীণ॥

ठकुर्मभ व्यश्रात्र ।

কারো প্রতি যে না করে পাপাচার

বাক্য মন কর্মে; সংষত স্থীর সেই পুণ্যবাম লভে পর-ত্রন্ধে।

भूग कित भूगकी हिं, भूगः निष्क पान वास हिंह। भूगः कित भूगकी हिं, भूगः निष्क हिं।

পুণ্যকেই প্রাণদান্তা বলি পাপ যে চিন্তয়ে মনে, করে কান্ধে,

মুখে আর বলে;

অধর্ষে ভূবিয়া ভার সব ৩৭ বায় বসাতলে ॥ মনোবাক্যে কর্মে বাঁরা না করেন পাপ-আচরন, ভাঁহামাই ভূপস্বী, তপস্থা নহে দেহের শোষণ ॥ ধর্মেই আনন্দ যাঁর,ধর্মেই থাকেন যিনি জিয়া; ' ধর্মাজা তাঁরেই বলি; সদাই প্রদন্ম তাঁর হিয়া॥ আজা যাঁর পাপ-হৈতে বিরত,

নিরত লোক-হিতে;

কি একৃডি, কি বিকৃতি,

তিনিই তা পারেন বুরিতে॥
প্রজ্ঞা বার নয়ন, নির্দোষ তার সমুদয় কর্ম।
ছাড়েন বিষয়-স্পৃহা ইচ্ছামতে; ছাড়েন না ধর্ম॥
পাপাল্লা ইচ্ছেরে পাপ, সহত্র বারণ অবহেলি।
শুভাল্লা ইচ্ছেন শুভ,সহত্র পাপের বাধা ঠেলি॥
ধর্মের রাখিলেই—ধর্ম রাখে.

नामित्वरे नात्म कीरव।

হত হ'লে ধৰ্ম না হাজুন্বাজ !

धर्मा ना हानित्व॥

ধর্ম সেই স্কং যে মরিলেও নাহি ছাড়ে পাশ; আর যত কিছু সব দেহ-দাথে লভয়ে বিনাশ ॥ অবিশাদী যেই নর দাধুছনে করে উপহাদ— ধর্ম নাই মনে করি'; নিঃসংশয় তাহার বিনাশ॥ অবমানিত যে হয়,হথে দে বিহরে বারো মাস; হুখে শোয়, হুখে জাগে;

পাপ করি পাপকীর্জি দহে পাপানলে।
পুণ্য করি পুণ্য-কীর্জি বাড়ে পুণ্যফলে।
অতএব পাপ করিব না বলি হও দৃত্ত্রত।
পুনঃপুন পাপাচারে জ্ঞানবৃদ্ধি সব হয় হতু॥

शक्षमण अधारिय ।

সর্বজন প্রশংগিত সাধু আচরণ;
লোক বিগহিত কার্য্য পরিবরজন;
আন্তিকতা, ধর্মে আর বিশ্বাস অটন;
এইগুলি পণ্ডিতের পরিচয়-স্থল॥
ক্ষমাই পরম শান্তি, ধর্ম্মই কল্যাণ মূর্তিমান্।
বিদ্যাই পরম ভৃপ্তি, অহিংসাই হুথের নিদান॥
মনোবাক্য-দেহ-সমৃদ্ভূত কর্ম শুভাশুভ-কর।

ভূটিকে নীচ মধ্যম তিবিধ গতি তাহে লভে নর॥

পরদ্রব্য মনে ধ্যান; পরানিউ-চিন্তা অমুদিন; দেহাদিতে অতিমায়া; মানদিক পাপ এই তিন ॥ পরোক্ষে পরের নিন্দা; বাঁধন-বিহীন বাক্যালাপ; কটু কথা; মিথ্যা কথা; এই চারি বাচনিক পাপ॥ পরধন অপহার; প্রাণিহত্তা অবিধি-পূর্ক্তক; পরদার-সেবা আর; এই তিন দৈহিক পাতক॥ কারো প্রতি না করিয়া কার্য্য এই তিনরূপ দ্যা, কাম-কোধ দংযমিয়া, দিদ্ধি লভে স্বোধ মনুষ্য॥

পাপ করি যে করে বিহিত অমূতাপ, ক্রমশ খণ্ডিয়া যায় তাহার দে পাপ॥
• "আর করিব না" বলি হইলে নির্ভ, অমূতাপানলে দহি শুদ্ধি লভে চিত্ত॥

ষোড়শ অধ্যায়।

অধার্মিক ষেই নর, মিথ্যা কথা জীবিকা বাহার, হিংদায় যে জন রভ, মুধ নাই ইহলোকে তার॥ পাপীরে যদিও দেখ, বিচরিছে অখ গজ রথে; কফৌ আর কাটিছে তোমার দিন ধর্মের পথে;

रादिक ना नित्र मन अथर्या छथानि। • পাপের কুছকে ভুলি হইবে মা পাপী॥ व्यथार्य धन-धैश्वर्या कालि छेर्छ लाकः ठातिमिटक नित्रतथ मञ्जल मिवाटलाक: শক্র দবে করৈ জয় ; পুরে অভিলায় ; সবই হয়; কিন্তু লভে সমূলে বিনাশ। পরলোকে চাও যদি অমোখ সহায়[°]: काइंटक ना निया शीड़ा काट्य वा कथाय. কুদ্রকীট পুত্তিকা বিরচে যথা প্রকাণ্ড আলয়, অল্লে অল্লে তেমনি ধরম ধন করিবে সঞ্চয়। भवरलारक महाय इहेगा (कह नाहि निर्व (नर्थ)-পিতামাতা, পুত্রদার, জ্ঞাতিবন্ধু; ধর্ম র'বে একা॥ একাই জনমে নর, একা হয় মৃত।

একাই স্থকৃত ভুঞ্জে, একাই হুষ্কৃত ॥ কান্ঠলোপ্ত সমান ভূতলে ত্যজি মৃত কলেবর বন্ধুগণ যায় চলি, ধর্ম হয় পথের দোদর 🛊 অভএব চাও যদি সহায় পরম.

অল্লে অল্লে নিতি নিতি সঞ্চিবে ধরম।।

ধর্মের সহায়ে জীব, সংসার জাধার মহাঘোর হুছুক্তর, হ'য়ে যায় পার॥ এই উপদেশ, এই আদেশ, এই অমুশাসন॥ কায়-মনোবচনে ইহা করিবে উপাসন॥

ঠিক্ঠাক্ বলিব, সভ্য ৰলিব, আমায় পালুন্ সভ্য সে ; বক্তারে রক্ষা করুন্ হইয়া সকরুণ ॥